৩ আগস্ট, ২০১৫

তৃতীয় পর্যায়ের আলোচনার বিষয়সমূহ

কোড ভূমিকা

উন্নয়ন কার্যকারিতা সংক্রান্ত কমিটি (কোড) ২০১৫ সালের ১ জুলাই বিশ্ব ব্যাংকের সুরক্ষা নীতিমালার পর্যালোচনা ও হালনাগাদকরণ বিষয়ে দ্বিতীয় খসড়া - প্রস্তাবিত পরিবেশগত ও সামাজিক কাঠামো (দ্বিতীয় খসড়া) সম্পর্কে আলোচনা করেছে। কমিটি প্রস্তাবিত পরিবেশগত ও সামাজিক কাঠামোর (ইএসএফ) গঠন ও অনেক বিষয়ে মোটামুটিভাবে একমত হয়েছে। তবে, এসময় আরো প্রতীয়মান হয় যে, অন্যান্য বিষয়ে বিশেষ করে ভিশন স্টেটমেন্ট, কিছু মানদণ্ড এবং ভাষার সংবেদনশীলতা/লক্ষ্য সম্পর্কে আরো আলোচনা হওয়া দরকার। পাশাপাশি, বাস্তবায়নযোগ্যতা এবং ঋণ গ্রহীতাদের ওপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে আরো সুস্পষ্টতার প্রয়োজন রয়েছে। কমিটি একমত হয়েছে যে, ইএসএফ ভারসাম্যপূর্ণ করা, বাস্তবায়নের ক্ষেত্রে অত্যধিক বোঝা ও ঋণ গ্রহীতাদের ব্যয় এড়িয়ে যাওয়া, গ্রাহকদের সামর্থ জোরদার করা, টেকসই ও ব্যাপক উন্নয়ন জোরদার এবং প্রতিষ্ঠানের উভয় লক্ষ্য অর্জনে অবদান রাখার বিষয়গুলো নিশ্চিত করার লক্ষ্যে সুদূরপ্রসারী প্রয়াস অব্যাহত রাখা গুরুত্বপূর্ণ।

কমিটি একমত হয়েছে যে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উচিত সংশোধিত দ্বিতীয় খসড়ার ওপর তৃতীয় পর্যায়ের পরামর্শমূলক আলোচনা শুরু করা। পরামর্শমূলক সভায় ফিডব্যাক সংগ্রহ করা ও ঋণ গ্রহীতা দেশগুলোতে ইএসএফ বাস্তবায়নযোগ্যতার বিষয়ে মনোযোগ দিতে হবে এবং পরামর্শমূলক প্রক্রিয়া চলাকালে অধিকতর অনুসন্ধান করা প্রয়োজন এমন ইস্যুগুলো সহ নিম্নবর্ণিত সূচকগুলো আলোচনায় অন্তর্ভুক্ত করতে হবে।
কমিটি ইএসএফ সংক্রান্ত সম্পৃক্ততা অব্যাহত রাখার আশা করছে।

আগস্ট ৩, ২০১৫

<u>তৃতীয় পর্যায়ের আলোচনার বিষয়সমূহ</u>

উন্নয়ন কার্যকারিতা সংক্রান্ত কমিটি (কোড) ২০১৫ সালের ১ জুলাই তারিখে অনুষ্ঠিত বৈঠকে পরিবেশগত ও সামাজিক কাঠামো (ইএসএফ) সংক্রান্ত দ্বিতীয় খসড়ার ওপর পরামর্শমূলক আলোচনার পরবর্তী বৈঠক অনুষ্ঠানের আনুমোদন দিয়েছে। নির্বাহী পরিচালকবৃন্দ তৃতীয় পর্যায়ের পরমর্শমূলক বৈঠক চলাকালে বেশ কিছু ইস্যু নিয়ে আলোচনা করার জন্য বিশ্ব ব্যাংক ব্যবস্থাপনার প্রতি অনুরোধ জানিয়েছে। কোড মিটিং অনুষ্ঠিত হওয়ার পর নিম্নলিখিত তালিকা প্রণয়ন করা হয়েছে এবং বিশেষ কতগুলো ইস্যু নির্ধারণ করা হয়েছে যা সরকারের সঙ্গে সম্পন্ন করতে হবে। এসব বিষয় ছাড়াও অন্যান্য ইস্যু এবং সম্পদ ও ইএসএফ বাস্তবায়ন সম্পর্কে ঋণ গ্রহীতা দেশসমূহ ও অন্যান্য অংশীদারদের কাছ থেকে ফিডব্যাক সংগ্রহের ওপর পরামর্শমূলক বৈঠকে গুরুত্ব আরোপ করবে। এই তালিকায় আলোচনার মতো ইস্যুগুলোর কেবল উল্লেখ করা হয়েছে, কোন বিস্তারিত বিবরণ দেয়া হয়নি। ব্যবস্থাপনা এসব আলোচনা আয়োজনে নির্বাহী পরিচালকদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে এবং পরামর্শমূলক সভার অগ্রগতি সম্পর্কে তাদেরকে অবহিত রাখবে। আলোচনা শেষ হওয়ার পর, আলোচনাকালে উত্থাপিত ইস্যুগুলো সম্পর্কে নির্বাহী পরিচালকদের পর্যালোচনার জন্য ব্যবস্থাপনা একটি রিপোর্ট প্রণয়ন করবে।

ইএসএফ	**ইস্যু**	**বিষয়**
লক্ষ্য	মানবাধিকার	ইএসএফ-এ মানবাধিকার সনদ সম্পর্কে দৃষ্টিভঙ্গি
ইএসপি/ইএস	বৈষম্যহীন ও ঝুঁকিপূর্ণ	• ধরণ/নাম অনুযায়ী বিশেষ ঝুঁকিপূর্ণ গ্রুপগুলোর নামের সম্পূর্ণ তালিকা (বয়স,

এসআই	জনগোষ্ঠী	জেন্ডার, নৃ-গোষ্ঠী, ধর্ম, শারীরিক, মানসিক বা অন্য কোন অক্ষমতা, সামাজিক, নাগরিক বা স্বাস্থ্যগত অবস্থা, যৌণ পরিচয়, জেন্ডার পরিচয়, অর্থনৈতিক অনগ্রসরতা বা আদিবাসী অবস্থা, এবং/বা বিশেষ প্রাকৃতিক সম্পদের ওপর নির্ভরশীলতা) • জটিল সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে বৈষম্যহীন নীতির বিশেষ দিকগুলো বিশেষ করে যেখানে কোন বিশেষ গ্রুপের স্বীকৃতি জাতীয় আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়
	ঋণ গ্রহীতাদের পরিবেশগত ও সামাজিক কাঠামোর ব্যবহার	• পরিবেশগত ও সামাজিক (ইএন্ডএস) ঝুঁকি ও প্রভাবগুলোর ব্যবস্থাপনা ও মূল্যায়নে ঋণ গ্রহীতার কাঠামোর ভূমিকা; যেখানে এগুলো পরিবেশগত ও সামাজিক মানদণ্ডের (ইএসএসএস) সঙ্গে বাস্তবিক সামঞ্জস্যতা বজায় রেখে লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পগুলোতে সুযোগ দিবে। • মূল্যায়নের জন্য পদ্ধতিসহ ঋণ গ্রহীতার কাঠামো ব্যবহারের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহনে দৃষ্টিভঙ্গি; যেখানে এসব কাঠামো ইএসএসএস ও ব্যাংকের দিকনির্দেশনার সঙ্গে বাস্তবিক সামঞ্জস্যতা বজায় রেখে লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পগুলোতে সুযোগ দিবে • অধিক ও বাস্তবিক ঝুঁকিপূর্ণ প্রকল্পগুলোতে ঋণ গ্রহীতার কাঠামোর ভূমিকা
	যৌথ অর্থায়ন/অভিন্ন দৃষ্টিভঙ্গি	• যৌথ অর্থায়ন পরিস্থিতিতে ইএন্ডএস মান সংক্রান্ত ব্যবস্থা; যেখানে যৌথ অর্থায়নকারীর মানদণ্ড ব্যাংকের চেয়ে ভিন্ন
	অভিযোজনমূলক ঝুঁকি ব্যবস্থাপনা	• ইএন্ডএস প্রতিপালন পর্যবেক্ষণের দৃষ্টিভঙ্গি এবং বাস্তবায়নকালে প্রকল্পে পরিবর্তন
	ঝুঁকি শ্রেণীকরণ	• কোন প্রকল্পের ঝুঁকির মাত্রা নির্ধারণ ও পর্যালোচনার দৃষ্টিভঙ্গি
ইএসএসআই	পরিবেশগত ও সামাজিক ঝুঁকি ও প্রভাবের মূল্যায়ন ও ব্যবস্থাপনা	• বিবেচনায় নেয়ার মতো পুঞ্জীভুত ও পরোক্ষ প্রভাসমূহের মূল্যায়ন ও প্রকৃতি • প্রকল্প মূল্যায়নকালে চিহ্নিত পুঞ্জীভুত ও পরোক্ষ প্রভাবসমূহের প্রতিকার • সন্নিহিত স্থাপনা, ঠিকাদার, প্রাথমিক সরবরাহকারী, এফআই উপ-প্রকল্প ও সরাসরি অর্থায়নকৃত উপ-প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পের সীমা ও ইএসএসএস এর প্রযোজ্যতা নির্ধারণ • এমন পরিস্থিতি যখন ব্যাংক সিদ্ধান্ত নিবে যে, ঋণ গ্রহীতার নিরপেক্ষ তৃতীয় পক্ষের বিশেষজ্ঞ রাখার প্রয়োজন হবে কিনা
	পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)	• ইএসসিপি'র আইনগত অবস্থান এবং আইনগত চুক্তির অংশ হিসেবে ইএসসিপি-তে পরিবর্তনের প্রভাবসমূহ
ইএসএস২	শ্রমিক ও কাজের পরিস্থিতি	• কোন তৃতীয় পক্ষের (দালাল, এজেন্ট ও মধ্যস্থতাকারী) নিয়োগকৃত শ্রমিকদের ব্যবস্থাপনার জন্য সংজ্ঞা এবং প্রয়োজনীয়তা ও শর্ত • ঠিকাদার, কমিউনিটি ও স্বেচ্ছা শ্রমিক এবং প্রাথমিক সরবরাহকারীদের ক্ষেত্রে কোন বিশেষ শ্রম শর্তের প্রয়োগ ও বাস্তবায়ন প্রভাব • প্রকল্পের সকল শ্রমিকের ক্ষেত্রে অভিযোগ প্রতিকারের ব্যবস্থা সহজলভ্য করার বাধাসমূহ • সংগঠন করার স্বাধীনতা ও যৌথ দরকষাকষির সুবিধা প্রদানের লক্ষ্যে জাতীয় আইনের উল্লেখ • সংগঠন করার স্বাধীনতা ও যৌথ দরকষাকষির সুবিধা প্রদানের বিকল্প কৌশল কাজে লাগানো যেখানে জাতীয় আইন এই ধরণের অধিকারের স্বীকৃতি দেয় না • পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা (ওএইচএস) বিধি/মানদণ্ড কার্যকর করার ইস্যুসমূহ
ইএসএস৩	জলবায়ু পরিবর্তন ও গ্রীন হাউজ গ্যাস নির্গমন	• ইএসএফ এর ক্ষেত্রে জলবায়ু সংক্রান্ত বিধিমালা এবং বিশেষ করে ইউএনএফসিসিসি'র ব্যাপক জলবায়ু পরিবর্তন অঙ্গীকারসমূহের মধ্যেকার সম্পর্ক • ব্যাংকের প্রকল্পসমূহে গ্রীন হাউজ গ্যাস (জিএইচজি) নির্গমন পরিমাপ ও

		পর্যবেক্ষণের প্রস্তাবিত দৃষ্টিকোণ এবং সংশ্লিষ্ট প্রভাবসমূহ; এক্ষেত্রে প্রস্তাবিত মানদণ্ড অনুসরণ করার পাশাপাশি এই ধরণের প্রাক্কলন ও পর্যবেক্ষণের আওতা, সীমা, সময়কাল, পুনরাবৃত্তি এবং অর্থনৈতিক ও আর্থিক সম্ভাব্যতা নির্ধারণ • প্রস্তাবিত মানদণ্ড অনুযায়ী ব্যাংকের প্রকল্পগুলোর জন্য জিএইচজি নির্গমনের পরিমান প্রাক্কলন ও হ্রাসের লক্ষ্যে ঋণ গ্রহীতার করণীয়
ইএসএস৫	ভূমি অধিগ্রহন ও অনিচ্ছায় পুনর্বাসন	• ভূমি অধিগ্রহন সম্পর্কিত নয়, এমন পরিস্থিতিতে অননুমোদিত দখলদারদের প্রতি আচরণ ও তাদের অধিকার এবং জোরপূর্বক উচ্ছেদ করার দৃষ্টিভঙ্গি • বিভিন্ন প্রকল্প পরিস্থিতিতে একটি ‘উন্নয়ন সুযোগ’ হিসেবে পুনর্বাসনের ধারণার ব্যাখ্যা
ইএসএস৬	জীববৈচিত্র্য	• বিশেষ করে সীমিত সামর্থের পরিস্থিতিতে প্রাথমিক সরবরাহকারী ও প্রতিবেশ ব্যবস্থা সেবা সংক্রান্ত বিধির প্রয়োগ • প্রাকৃতিক ও ঝুঁকির সম্মুখীন আবাসস্থলের সুরক্ষা ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জাতীয় আইনের ভূমিকা • প্রকল্পের সুযোগ-সুবিধা বিবেচনা করার পাশাপাশি জীববৈচিত্র্য সংক্রান্ত ক্ষতিপূরণের ধরণ • জীববৈচিত্র্যের জন্য সার্বিকভাবে লাভবান হওয়ার সংজ্ঞা ও প্রয়োগ
ইএসএস৭	আদিবাসী জনগোষ্ঠী	• জটিল রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষাপটে আদিবাসী জনগোষ্ঠীর জীবনযাত্রার মান বাস্তবায়ন • যেসব দেশের সংবিধানে আদিবাসী জনগোষ্ঠীর স্বীকৃতি নেই বা কেবল সুনির্দিষ্ট কয়েকটি গ্রুপকে আদিবাসী বলে স্বীকৃতি দেয়, সেখানে ইএসএস৭ বাস্তবায়ন • আদিবাসী জনগোষ্ঠীর বিবরণ দিতে বিভিন্ন দেশে ব্যবহৃত বিকল্প শব্দ ব্যবহার করার সম্ভাব্য পদক্ষেপ • অন্যান্য পরিস্থিতি (যেমন ধরণ ও সময়) যখন কোন ধরণের ছাড় দেয়ার এবং সিদ্ধান্ত অবহিত করার জন্য তথ্য প্রদানের প্রয়োজন হতে পারে • উন্মুক্ত, প্রাধিকারযুক্ত ও অবহিত সম্মতির (এফপিআইসি) প্রতিষ্ঠা ও বাস্তবায়নের ধরণ • পরামর্শ সংক্রান্ত বিদ্যমান প্রয়োজনীয় শর্তাবলীর সঙ্গে প্রস্তাবিত এফপিআইসি’র তুলনা • আদিবাসী জনগোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্যের ওপর প্রভাব ঘটার ক্ষেত্রে এফপিআইসি’র প্রয়োগ
ইএসএস৮	সাংস্কৃতিক ঐতিহ্য	• সুস্পষ্ট সাংস্কৃতিক ঐহিত্যের ক্ষেত্রে করণীয় • প্রকল্পে যদি এই ধরণের ঐতিহ্যের বাণিজ্যিক ব্যবহারের প্রয়াস থাকে, সেখানে এসব সুস্পষ্ট সাংস্কৃতিক ঐতিহ্যের ব্যবহার • সাংস্কৃতিক ঐতিহ্য আইনগতভাবে সুরক্ষিত না হলে বা পূর্বে চিহ্নিত বা বিঘ্নিত হলে সাংস্কৃতিক ঐতিহ্যের প্রয়োজনীয় দিকগুলোর প্রয়োগ
ইএসএস৯	আর্থিক মধ্যস্থতাকারী	• ঝুঁকির ওপর ভিত্তি করে এফআই উপ-প্রকল্পগুলো ও সম্পদের ব্যবহারের ক্ষেত্রে মান বজায় রাখা • আইএফসি এবং ইক্যুয়েটর ব্যাংকগুলোর সঙ্গে সমন্বয়
ইএসএস১০	স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা	• প্রকল্পের স্টেকহোল্ডারদের সংজ্ঞা ও পরিচয় এবং সম্পৃক্ততার ধরণ • প্রকল্পের স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণে ঋণ গ্রহীতা দেশগুলো বা বাস্তবায়নকারী সংস্থাগুলোর ভূমিকা
সাধারণ	ইএইচএসজি এবং জিআইআইপি	• পরিবেশগত, স্বাস্থ্য, ও সুরক্ষা বিষয়ক নির্দেশনা (ইএইচএসজিএস) এবং অনুকরনীয় আন্তর্জাতিক শিল্প রীতির (জিআইআইপি) প্রয়োগ, বিশেষ করে যখন বিভিন্ন জাতীয় আইন বা যেখানে ঋণ গ্রহীতার কোন কারিগরি বা আর্থিক বাধা থাকে এবং/বা প্রকল্পের ক্ষেত্রে বিশেষ কোন পরিস্থিতি বিরাজ করে

	সম্ভাব্যতা এবং বাস্তবায়নের জন্য সম্পদ	• ঋণ গ্রহীতার জন্য বাস্তবায়ন ও সম্পদের ব্যবহার, এক্ষেত্রে সেসব কিছু বিষয় বিবেচনায় নিতে হবে যেমন, প্রস্তাবিত ইএসএফ'র সম্প্রসারিত সুবিধা (শ্রমিকের মান), বিভিন্ন ঋণ গ্রহীতার সামর্থ এবং ব্যবস্থাপনার মনোভাব • কার্যকারিতা বজায় রাখার লক্ষ্যে বাস্তবায়ন সামর্থের উন্নতির জন্য অতিরিক্ত বোঝা, ব্যয় সমস্যা দূরীকরণ এবং অন্যান্য সুযোগ
	গ্রাহকের সামর্থ গঠন এবং বাস্তবায়ন সহায়তা	• গ্রাহকের সামর্থ গঠনের জন্য অর্থায়ন • গুরুত্ব আরোপ করার পদক্ষেপ ও ক্ষেত্রসমূহ • সীমাবদ্ধ সামর্থের পরিস্থিতিতে যেমন-এফসিএস, ক্ষুদ্র রাষ্ট্র এবং জরুরি পরিস্থিতিতে ইএসএফ বাস্তবায়নের প্রয়াস,
	তথ্য প্রকাশ	• প্রস্তুতি গ্রহনের সময় এবং বিশেষ পরিস্থিতি ও সামাজিক প্রভাব মূল্যায়ন নথিপত্র প্রকাশ (ইএসএস১ ও ইএসএস১০ সংশ্লিষ্ট)
	ইএসএফ বাস্তবায়ন	• ইএসএফ সফলভাবে বাস্তবায়নের লক্ষে ব্যাংকের অভ্যন্তরীন সামর্থ গঠন, সম্পদ আহরণ ও আচরণগত পরিবর্তন • কঠিন ব্যাখ্যার ইস্যুগুলোতে ঋণ গ্রহীতা ও ব্যাংকের মধ্যে পারস্পরিক সমঝোতায় পৌছার উপায়

****